

৩০/১০/২০২৩খি. তারিখে অনুষ্ঠিত “উপজেলা খাদ্যবান্ধব কমিটি” এর সভার কার্য বিবরণীঃ-

সভাপতি : মো: মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর।
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নগরকান্দা, ফরিদপুর।
তারিখ ও সময় : ৩০/১০/২০২৩খি. রোজ: সোমবার, সকাল ৯.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা বিবরণী পরিশিষ্ট “ক” তে সংযুক্ত

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব, “উপজেলা খাদ্যবান্ধব কমিটি” সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জানান যে, বিগত ০৭/০৯/২০২৩খি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র উপজেলার ডাঙ্গী ইউনিয়নের শংকরপাশা বাজারে শূণ্য পদে ০১(এক) জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগের নিমিত্ত ১০/০৯/২০২৩খি. তারিখের ৬৪৬ নং স্মারকে ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং নির্ধারিত তারিখের মধ্যে মোট ০৩(তিন) খানা আবেদন পাওয়া যায়। উক্ত আবেদনসমূহ যাচাই বাছাই পূর্বক ডিলার নির্বাচনের জন্য সভায় উপস্থাপন করা হলো। তিনি আরো জানান কোদালিয়া শহীদনগর ইউনিয়নের খাদ্যবান্ধব ডিলার জনাব ছানোয়ার হোসেন তাঁর বিক্রয় কেন্দ্র কো: শহীদনগর বোর্ড অফিস পরিবর্তে নগরকান্দা পল্লী বিদ্যুৎ অফিসের পাশে স্থানান্তরের জন্য আবেদন করেছেন। আবেদন খানা সভায় উপস্থাপন করা হলো। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন।


সভায় আলোচ্য সূচীর উপর বিস্তারিত আলোচনা পর্যালোচনা ও প্রাপ্ত আবেদন ০৩ (তিন) খানা যাচাই বাছাই করে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১. ডাঙ্গী ইউনিয়নের শংকরপাশা বাজার বিক্রয় কেন্দ্রের ডিলার নিয়োগের নিমিত্ত (ক) জনাব সোহেল কাজী, পিতা: কাজী জহরুল হক, গ্রাম: ভবুকদিয়া, নগরকান্দা, ফরিদপুর (খ) জনাব মো: রুবেল মোল্যা, পিতা: জাফর মোল্যা, গ্রাম: ভবুকদিয়া, নগরকান্দা, ফরিদপুর, এবং (গ) জনাব মোছা: জোয়া আক্তার, পিতা- মো: শান্ত ভুইয়া, গ্রাম- ভবুকদিয়া, নগরকান্দা, ফরিদপুর মোট ০৩(তিন) খানা আবেদন পাওয়া যায়। উক্ত আবেদনসমূহ যাচাই বাছাই করে নিম্নোল্লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আবেদনকারীর নাম	আবেদনে ত্রুটিসমূহ	গৃহীত সিদ্ধান্ত
০১	জনাব সোহেল কাজী	আর্থিক সচ্ছলতার সনদ নাই, ছবি ও অন্যান্য কাগজপত্র সত্যায়িত নাই।	বাতিল
০২	জনাব মো: রুবেল মোল্যা	কোন ত্রুটি পাওয়া যায়নি।	গৃহীত
০৩	জনাব মোছা: জোয়া আক্তার	আর্থিক সচ্ছলতার সনদ ও দোকান ঘরের কোন কাগজপত্র নাই এবং ছবি ও অন্যান্য কাগজপত্র সত্যায়িত নাই।	বাতিল

২. জনাব মো: রুবেল মোল্যা, পিতা- জাফর মোল্যা, মাতা: রোহিমন বেগম, গ্রাম- ভবুকদিয়া, ডাকঘর- কাজী কড়িয়াল, উপজেলা- নগরকান্দা, জেলা- ফরিদপুর এর আবেদন সঠিক থাকায় তাঁকে খাদ্যবান্ধব ডিলার নিয়োগের জন্য নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়;
৩. খাদ্যবান্ধব কর্মসূচী নীতিমালা/২০১৭ এর অনুচ্ছেদ ৫ এর ৫.২ এর (এ) অনুযায়ী কমিটির সদস্য সচিব দ্রুত সময়ের মধ্যে তাকে ডিলার হিসেবে নিয়োগ প্রদানসহ পরবর্তী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবেন;
৪. তদারকি কর্মকর্তা অপরিবর্তিত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়;
৫. কোদালিয়া শহীদনগর ইউনিয়নের খাদ্যবান্ধব ডিলার জনাব ছানোয়ার হোসেন এর বিক্রয় কেন্দ্র কো: শহীদনগর বোর্ড অফিস পরিবর্তে নগরকান্দা পল্লী বিদ্যুৎ অফিসের পাশে নতুন বিক্রয় কেন্দ্র নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়;
৬. খাদ্যবান্ধব কর্মসূচী নীতিমালা/২০১৭ সহ সময়ে সময়ে জারীকৃত যাবতীয় নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের বিষয়েও আলোচনা করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মো: মঈনুল হক)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
নগরকান্দা, ফরিদপুর।
তারিখ: ৩০/১০/২০২৩খি.

স্মারক নং ১৩.০১.২৯৬২.০০২.৫৭.০০৩.২৩-৭৭৩(১৩)

সদস্য জ্ঞাতার্থেঃ-

১. পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ফরিদপুর।
৪. জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নগরকান্দা, ফরিদপুর।
৬. উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নগরকান্দা, ফরিদপুর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নগরকান্দা, ফরিদপুর।
৯. উপজেলা -----কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, নগরকান্দা এলএসডি, ফরিদপুর।
১১. উপ-খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর।
১২. চেয়ারম্যান/সচিব, ইউনিয়ন পরিষদ, নগরকান্দা, ফরিদপুর।
১৩. দপ্তর নথি।


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
নগরকান্দা, ফরিদপুর।